# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
BANGLADESH WATER DEVELOPMENT BOARD

শৃংখলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীণরোড, ঢাকা-১২০৫
ফোন ঃ ০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone : 02222230076
dir.discipline.bwdb@gmail.com
Website: www.bwdb.gov.bd

নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩২৮.২২-৫১১ তারিখঃ ২৭-০৮-১৪৩১ বঃ
১২-১২-২০২৪ খ্রিঃ

## দপ্তরাদেশ

জনাব মোঃ ফইজুর রহমান (পরিচিতি নং-৭৬০৯২১০০১), নির্বাহী প্রকৌশলী, নওগাঁ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, নওগাঁ ইতোপূর্বে গোপালগঞ্জ পানি উন্নয়ন বিভাগে কর্মরত থাকাকালীন গোপালগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, গোপালগঞ্জ এর আওতায় বাস্তবায়নাধীন "পশ্চিম গোপালগঞ্জ সমন্বিত পানি ব্যবস্থাপনা প্রকল্প (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্পের প্যাকেজ নং WGIWMP-II_MBR PW-10 e- Tender ID: 617837 এর ব্লক টাস্কফোর্স সদস্য কর্তৃক গণনার সময় দৈবচয়ন পদ্ধতিতে উক্ত প্যাকেজের ৫(পাঁচ)টি ব্লক ফরিদপুর জোনাল ল্যাবরেটরিতে টেষ্টের জন্য বাছাই করা হয়। পরবর্তীতে উক্ত প্যাকেজের বাছাইকৃত ৫(পাঁচ)টি ব্লকের সাথে ফরিদপুর জোনাল ল্যাবরেটরিতে প্রাপ্ত ৫(পাঁচ)টি ব্লকের-ই বৈসাদৃশ্য পরিলক্ষিত হওয়ায় উক্ত অনিয়মের জন্য দায়ী কর্মকর্তা/ কর্মচারী ও ঠিকাদার চিহ্নিতকরণপূর্বক দায়-দায়িত্ব নিরূপণের জন্য ২(দুই) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়। তদন্ত কমিটির দাখিলকৃত তদন্ত প্রতিবেদন দৃষ্টে দেখা যায়, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড টাস্কফোর্স গাইডলাইন ২০২১ এর ব্লক টেস্ট এর নিয়মাবলীর ৪নং ক্রমিক মতে "০৭ কার্যদিবসের মধ্যে টাস্কফোর্স সদস্য এর তত্ত্বাবধানে টেস্ট ল্যাবরেটরিতে পৌছাতে হবে" মর্মে উল্লেখ থাকা সত্ত্বেও টেস্টের জন্য নির্বাচিত ৫টি ব্লক টাস্কফোর্স সদস্যদের তত্ত্বাবধানে না রেখে ঠিকাদার/ঠিকাদারের প্রতিনিধির তত্ত্বাবধানে রেখে ব্লকসমূহের উপর বৈসাদৃশ্য আনয়নের সুযোগ সৃষ্টি করে দিয়ে দায়িত্বহীনতার পরিচয় প্রদান করার অনিয়মের অভিযোগে তার বিরুদ্ধে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ অনুযায়ী অভিযোগনামা আনয়ন পূর্বক কার্যধারা সূচনা করতঃ প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৮(ক) ও ৪৮(খ) অনুযায়ী অভিযুক্ত করে অত্র দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩২৮.২২-২৭২ তারিখঃ ২৪-০৮-২০২৩ খ্রিঃ মোতাবেক অভিযোগনামা প্রেরণ পূর্বক ১০ কার্যদিবসের মধ্যে আত্মপক্ষ সমর্থনে লিখিত বিবৃতি দাখিলের জন্যে নির্দেশনা প্রদান করা হয়।

২। জনাব মোঃ ফইজুর রহমান, নির্বাহী প্রকৌশলী এর বিরুদ্ধে সূচিত কার্যধারায় উল্লিখিত অভিযোগের প্রেক্ষিতে লিখিত বিবৃতি দাখিল করেন। তার দাখিলকৃত লিখিত বিবৃতি পর্যালোচনান্তে কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত সিদ্ধান্ত মোতাবেক কার্যধারায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য অত্র দপ্তরের দপ্তরাদেশ নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩২৮.২২-৪৫৪ তারিখঃ ০৭-১২-২০২৩ খ্রিঃ এর মাধ্যমে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তৎপ্রেক্ষিতে তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

৩। তদন্ত কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুসঙ্গিক সকল রেকর্ডপত্র পর্যালোচনান্তে জনাব মোঃ ফইজুর রহমান, নির্বাহী প্রকৌশলী এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত না হওয়ায় তাকে আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদানের বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়।

৪। অতএব, কর্তৃপক্ষের উক্ত সিদ্ধান্ত মোতাবেক এতদ্বারা জনাব মোঃ ফইজুর রহমান, নির্বাহী প্রকৌশলী, নওগাঁ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, নওগাঁ-কে আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা হলো।

৫। এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

১২/১২/২০২৪
(শেখ মাসুদুল হক)
পরিচালক
পরিচিতি নম্বর-৬৬০৬০১০০৬

নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩২৮.২২-৫১১(৭) তারিখঃ ২৭-০৮-১৪৩১ বঃ
১২-১২-২০২৪ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

১. প্রধান প্রকৌশলী, পশ্চিমাঞ্চল, বাপাউবো, ফরিদপুর।
২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ফরিদপুর পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, ফরিদপুর/ মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৩. সি,এস,ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৫. নির্বাহী প্রকৌশলী, গোপালগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, গোপালগঞ্জ
৬. জনাব মোঃ ফইজুর রহমান, নির্বাহী প্রকৌশলী, নওগাঁ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, নওগাঁ।
৭. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।

১২/১২/২৪
(শেখ মোঃ আবদুল খালেদ)
উপ পরিচালক (চঃদাঃ)
পরিচিতি নম্বর-৭১১২১৬০০১

E:\Quddus\OO. Realese.docx55